তারিখ ..26 OCT 2015...
পৃষ্ঠা ..১.. কলাম ..১..

সংবাদ

# অনলাইনে শিক্ষা প্রতিষ্ঠান জরিপ শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষা খাতে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে অনলাইনে বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ কার্যক্রম শুরু করেছে বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)। আগামী ১০ নভেম্বর পর্যন্ত ৩৭ হাজার ৯৮৬টি শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ করবে সংস্থাটি।

গতকাল রোববার দুপুরে রাজধানীর পলাশীতে ব্যানবেইস ভবনে শিক্ষামন্ত্রী নুরুল অনলাইনে : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## অনলাইনে : শিক্ষা

(১ম পৃষ্ঠার পর)

ইসলাম নাহিদ সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়ে বলেন, সরকার শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। শিক্ষার মানোন্নয়নের অবিচ্ছেদ্য অংশ তথ্যপ্রযুক্তি শিক্ষার প্রসারে দেশের ১২৫ উপজেলায় আইসিটি ভবন নির্মাণ করা হয়েছে। পর্যায়ক্রমে দেশের সকল উপজেলায় এ ধরনের আইসিটি ভবন নির্মাণ করা হবে।

জরিপে শিক্ষা প্রতিষ্ঠানের সাধারণ তথ্য ছাড়াও প্রতিষ্ঠান সম্পর্কিত ভৌত সুযোগ-সুবিধা বিশেষ করে জমি, ভবন, শ্রেণিকক্ষ, শৌচাগার, বিজ্ঞান ও কম্পিউটার ল্যাব, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ইন্টারনেট সংযোগ, লাইব্রেরি, বিশুদ্ধ খাবার পানি, কম্পিউটার সংখ্যা, খেলার মাঠ, সীমানা প্রাচীর সম্পর্কিত তথ্য দিতে হবে। পাশাপাশি শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, সহশিক্ষা কার্যক্রম সম্পর্কিত তথ্যও দিতে হবে।

সঠিক তথ্য না থাকলে সঠিকভাবে পরিকল্পনা নেয়া যায় না উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, এটি শিক্ষার্থী, শিক্ষক এবং শিক্ষা প্রতিষ্ঠানের জন্য পরিকল্পনা গ্রহণে সহায়তা করবে।

তিনি আরও বলেন, শিক্ষায় অনেক ভুল-ত্রুটি আছে। তা সত্ত্বেও শিক্ষায় গুণগত পরিবর্তন হয়েছে, ধারাবাহিক সাফল্য অব্যাহত রয়েছে। শিক্ষা খাতে আধুনিক প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পেয়েছে, ক্লাসরুমেও আধুনিক প্রযুক্তির প্রসার ঘটেছে। পাশাপাশি ক্লাসরুমের বাইরেও শিক্ষা খাতের উন্নতি হচ্ছে।

প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট তৈরির ওপর জোর দিয়ে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান অনুষ্ঠানে বলেন, দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডাইনামিক ওয়েবসাইট খোলার উদ্যোগ নেয়া হয়েছে। এতে শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিদিনের ছাত্র শিক্ষক উপস্থিতিসহ বিস্তারিত শিক্ষা কার্যক্রম ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট নিয়ে একটি ওয়েবপোর্টাল করা হচ্ছে যাতে দেশের যে কোন স্থান থেকে পুরো দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যাবে। এতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত হবে বলে উল্লেখ করেন শিক্ষা সচিব।

তিনি আরও বলেন, যেকোন বিষয়ে সিদ্ধান্ত নেয়া যায় দুই ধরনের অভিজ্ঞতার ভিত্তিতে। এর একটি হলো নিজের অভিজ্ঞতা এবং অপরটি হলো তথ্যের ভিত্তিতে।

সারাদেশে নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক (স্কুল ও কলেজ), কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ভোকেশনাল, শিক্ষক প্রশিক্ষণ কলেজ, পেশাগত শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানে এ জরিপ কাজ পরিচালনা করা হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো গত ১০ অক্টোবর থেকে www.banbeis.gov.bd ওয়েবসাইটে তথ্য প্রেরণ করছে এবং সব উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং জেলা শিক্ষা কর্মকর্তা সমন্বয় ও তত্ত্বাবধানের দায়িত্ব পালন করবেন বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ফাহিমা খাতুন, ব্যানবেইসের পরিচালক ফসিউল্লাহ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

### ইএফএ রিপোর্ট প্রকাশ

এদিকে একইদিনে সকালে ব্যানবেইস ভবনেই বিএনসিইউ মিলনায়তনে সবার জন্য শিক্ষা গ্লোবাল মনিটরিং রিপোর্ট ২০১৫ প্রকাশ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ২০০৯ সালে দায়িত্ব গ্রহণের পর চালু ৫ম শ্রেণীতে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা ও ৮ম শ্রেণীতে জেএসসি ও সমমান পরীক্ষা শিক্ষার্থী ঝরে পড়া রোধসহ শিক্ষার মানোন্নয়নে ভূমিকা রেখেছে।

মন্ত্রী জানান, 'পূর্বে ৫ম ও ৮ম শ্রেণীতে বৃত্তি পরীক্ষার নামে কিছু শিক্ষার্থীকে আলাদা করে অন্যদের অবহেলা করা হতো। পিইসি ও জেএসসি পরীক্ষার মাধ্যমে এখন স্কুলের সকল শিক্ষার্থী সমান যত্ন পাচ্ছে। এসএসসি'র আগেই দুটো সনদ অর্জন একজন দরিদ্র শিক্ষার্থীকে শিক্ষার্জনে অনেক বেশি উৎসাহিত করছে।' শিক্ষামন্ত্রী পিইসি ও জেএসসি পরীক্ষার মহৎ উদ্দেশ্য পূরণে আরও নিবেদিতপ্রাণে দায়িত্ব পালনের জন্য শিক্ষক কর্মকর্তা কর্মচারীসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান।

শিক্ষা সচিব নজরুল ইসলাম খানের সভাপতিত্বে বিএনসিইউ আয়োজিত এ অনুষ্ঠানে অন্যানের মধ্যে বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ইউনেস্কো, ইউনিসেফ, সেভ দ্য চিলড্রেন ও ইইউ'র প্রতিনিধি।